

সুনান ইবনু মাজাহ

হাদিস নম্বরঃ ৩২২২

২২/ শিকার (كتاب الصيد)

পরিচ্ছেদঃ ২২/৯. মাছ ও টিডিড শিকার

بَابُ صَيْدِ الْحَيْتَانِ وَالْجَرَادِ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكَيْعٌ، حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ، عَنْ أَبِي الْمُهَزَّمِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ خَرَجْنَا مَعَ النَّبِيِّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - فِي حَجَّةٍ أَوْ عُمْرَةٍ فَاسْتَقْبَلَنَا رِجْلٌ مِنْ جَرَادٍ أَوْ ضَرْبٌ مِنْ جَرَادٍ فَجَعَلْنَا نَضْرِبُهُنَّ بِأَسْوَابِنَا وَنَعَالِنَا فَقَالَ النَّبِيُّ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - " كُلُّهُ فَإِنَّهُ مِنْ صَيْدِ الْبَحْرِ " .

বাংলা

৫/৩২২২। আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে হজ্জ অথবা উমরা করতে রওয়ানা হলাম। আমাদের সামনে একপাল টিডিড অথবা এক প্রকারের টিডিড উপস্থিত হলো। আমরা আমাদের চাবুক ও জুতা দিয়ে তা মারতে লাগলাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ তা খাও, কারণ তা সামুদ্রিক বা জলজ শিকার।

English

It was narrated that Abu Hurairah said:

"We went out with the Prophet (ﷺ) for Hajj or 'Umrah, and we encountered a swarm of locusts or a type of locust. We started hitting them with our whips and sandals. The Prophet (ﷺ) said: 'Eat them for they are the game of the sea.'"

ফুটনোট

তিরমিযী ৮৫০, আবু দাউদ ১৮৫৩, ১৮৫৪, আহমাদ ৭৯৯৯, ৮৫৪৭, ৮৬৫৪, ৯০২৩, ইরওয়া ১০২২।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী আবুল মুহাযযিম সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম বলেন, তিনি

আহলে ইলমের নিকট নির্ভরযোগ্য নয়। আবু বাকর আল-বায়হাকী বলেন, তিনি দুর্বল, তিনি প্রত্যাখ্যানযোগ্য। আবু জাফার আল-উকায়লী বলেন, তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম আর-রাযী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি দুর্বল। আবু যুরআহ আর-রাযী বলেন, তিনি নির্ভরযোগ্য নয়। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি দুর্বল ছিলেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৭৬৫৫, ৩৪/৩২৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=44186>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন